রাষ্ট্রপতির বক্তব্য ঘিরে প্রশ্ন তুললেন জামায়াত আমির



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

দেশের একটি পত্রিকায় দেওয়া রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের সাক্ষাৎকারের বক্তব্য নিয়ে প্রকাশ্যে প্রশ্ন তুলেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি এ প্রতিক্রিয়া জানান।

২০২৪ সালের ঘটনাপ্রবাহ নিয়ে রাষ্ট্রপতি কিছু গুরুত্বপূর্ণ বিষয় এড়িয়ে গেছেন। বিশেষ করে কথিত পলাতক প্রধানমন্ত্রীর পদত্যাগ প্রসঙ্গে সেদিন উপস্থিত রাজনৈতিক নেতাদের সামনে যে বক্তব্য দেওয়া হয়েছিল এবং পরে জাতির উদ্দেশে যা জানানো হয়েছিল—বর্তমান বক্তব্যে তার প্রতিফলন নেই বলে তিনি দাবি করেন।

তার ভাষ্য অনুযায়ী, তখন যা বলা হয়েছিল, এখন তার সঙ্গে মিল পাওয়া যাচ্ছে না।

তিনি আরও প্রশ্ন তোলেন, সেদিন দেশের মানুষ যা শুনেছে এবং এখন যে বক্তব্য দেওয়া হচ্ছে—এই দুইয়ের মধ্যে যে পার্থক্য দেখা যাচ্ছে, তার ব্যাখ্যা কি রাষ্ট্রপতি দেবেন?

সবশেষে জামায়াত আমির বলেন, জনগণ সচেতন; রাষ্ট্রের সর্বোচ্চ পদে থেকে এমন অসংগতি গ্রহণযোগ্য হতে পারে নাহ।